যুগান্তর

তারিখ 15 JUL 2017
পৃষ্ঠা ২ কলাম ১

এমসি কলেজ হোস্টেলে ভাংচুর : থানায় জিডি

# শিক্ষার্থীর মামলায় ছাত্রলীগের ৬ ক্যাডার কারাগারে

**সিলেট ব্যুরো**

ছাত্রলীগের হামলায় এমসি কলেজ হোস্টেলের ৩৯টি কক্ষ ভাংচুরের ঘটনায় থানায় জিডি করেছে কলেজ কর্তৃপক্ষ। কলেজের অধ্যক্ষ অধ্যাপক নিতাইচন্দ্র চন্দ বিষয়টি নিশ্চিত করেছেন। অপরদিকে হামলার ঘটনায় হোস্টেল বন্ধের পর বাড়ি ফেরার পথে কলেজের শিক্ষার্থী সুমন মিয়ার ওপর হামলা ও তাকে রক্তাক্ত জখম করার মামলায় ছাত্রলীগের ৬ ক্যাডারকে কারাগারে পাঠিয়েছেন আদালত।

মামলার আসামিরা হচ্ছেন সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলার জাওয়ার আবদুল মান্নানের ছেলে কাউসার, তাহিরপুর উপজেলার রতনশ্রী গ্রামের মোজাম্মেল হোসেনের ছেলে শাওন, সুনামগঞ্জ সদরের অচিন্ত্যপুর এলাকার ইলিয়াস মিয়ার ছেলে রাফিজুল ইসলাম, জগন্নাথপুর উপজেলার কাজীপুর গ্রামের অরবিন্দ চৌধুরীর ছেলে নিউটন চৌধুরী, তাহিরপুর উপজেলার কালিজুড়ি রামনগর এলাকার আবদুল হাসিমের ছেলে সোহাগ মিয়া ও মৌলভীবাজার জেলার রাজনগর উপজেলার উত্তরভাগ গ্রামের সুভাষ আচার্যের ছেলে সৌরভ আচার্য।